**সোনালী ব্যাংক লিমিটেড**
**প্রধান কার্যালয়, ঢাকা।**

**এমপ্লয়ীজ ওয়েলফেয়ার এন্ড ট্রান্সপোর্ট ডিভিশন**
**(ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট)**

প্রধান কার্যালয় পরিপত্র নং- ৯৫৩
ইডব্লিউটিডি/কল্যাণ/বিঃফান্ড/পদক ও বৃত্তি/পরিপত্র- ৭২

তারিখঃ ০৭ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
২২ আগষ্ট, ২০১৯ খ্রীষ্টাব্দ

সকল অফিস ও শাখা সমূহ,
সোনালী ব্যাংক লিমিটেড
বাংলাদেশ/ভারত/যুক্তরাষ্ট্র/যুক্তরাজ্য।

**বিষয়ঃ সোনালী ব্যাংক লিমিটেড এমপ্লয়ীজ বিনেভলেন্ট ফান্ড হতে এ ব্যাংকে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের মেধাবী সন্তানদের ২০১৯ সালের 'সোনালী ব্যাংক লিমিটেড চেয়ারম্যান পদক', 'সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর পদক' এবং 'সাধারণ বৃত্তি এর জন্য আবেদনপত্র আহবান।**

প্রিয় মহোদয়,

এ বিভাগ হতে জারীকৃত প্রধান কার্যালয় পরিপত্র নং-৯০০ তারিখ ২৯ অক্টোবর, ২০১৮ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত পরিপত্রে বর্ণিত নীতিমালার আলোকে সোনালী ব্যাংক লিমিটেড এমপ্লয়ীজ বিনেভলেন্ট ফান্ড হতে ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের মেধাবী সন্তানদের ২০১৯ সালের জন্য সোনালী ব্যাংক লিমিটেড চেয়ারম্যান পদক, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর পদক এবং সাধারণ বৃত্তি প্রদানের নিমিত্তে আবেদনপত্র আহবান করার জন্য ২৮ জুলাই, ২০১৯ তারিখে অনুষ্ঠিত সোনালী ব্যাংক লিমিটেড বিনেভলেন্ট ফান্ডের প্রশাসকমন্ডলী ৫৮ তম সভায় অনুমোদন দিয়েছেন।

একজন ছাত্র/ছাত্রীর জন্য নিম্নোক্ত **ক, খ, ও গ** এর যে কোন একটির আবেদনপত্র এ বিভাগে প্রেরণ করতে হবে।

**ক) সোনালী ব্যাংক লিমিটেড চেয়ারম্যান পদকঃ**

ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের সন্তান যারা ২০১৯ সালে যে কোন শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট হতে সকল বিভাগে এস,এস,সি এবং এইচ,এস,সি বা সমমানের পরীক্ষায় সকল বিষয়ে (৪র্থ বিষয়সহ) 'এ+' অর্থাৎ **জিপিএ ৫.০০(গোল্ডেন)** অর্জন করেছে তারা **'সোনালী ব্যাংক লিমিটেড চেয়ারম্যান পদক'** এর জন্য মনোনীত হবে। এ লক্ষ্যে এসএসসি বা সমমানের পরীক্ষায় কৃতকার্য ছাত্র-ছাত্রীদেরকে এককালীন ৪,৫০০.০০ (চার হাজার পাঁচশত) টাকার প্রাইজবন্ড, প্রত্যেককে একটি করে প্রতিকী মেডেল ও সনদপত্র এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় কৃতকার্য ছাত্র-ছাত্রীদেরকে এককালীন ৯,০০০.০০ (নয় হাজার) টাকার প্রাইজবন্ড, প্রত্যেককে একটি করে প্রতিকী মেডেল ও সনদপত্র প্রদান করা হবে। এ জন্য পরিপত্রের সংগে সংযুক্ত 'ক' ফরম অনুযায়ী আবেদন করতে হবে। আবেদনপত্রের সংগে ১(এক) কপি প্রশংসা পত্র এবং শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত একাডেমিক ট্রান্সক্রীপ্ট সত্যায়িত করে এ বিভাগে প্রেরণ করতে হবে।

**খ) সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর পদকঃ**

ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের সন্তান যারা ২০১৯ সালে যে কোন শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট হতে সকল বিভাগে এস,এস,সি এবং এইচ,এস,সি বা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয় বিবেচনায় এনে 'এ+' অর্থাৎ **জিপিএ ৫.০০** অর্জন করেছে তারা **'সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর পদক'** এর জন্য মনোনীত হবে। এ লক্ষ্যে এসএসসি বা সমমানের পরীক্ষায় কৃতকার্য ছাত্র-ছাত্রীদেরকে এককালীন ৩,৫০০.০০ (তিন হাজার পাঁচশত) টাকার প্রাইজবন্ড, প্রত্যেককে একটি করে প্রতিকী মেডেল ও সনদপত্র এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় কৃতকার্য ছাত্র-ছাত্রীদেরকে এককালীন ৭,০০০.০০ (সাত হাজার)টাকার প্রাইজবন্ড, প্রত্যেককে একটি করে প্রতিকী মেডেল ও সনদপত্র প্রদান করা হবে। এ জন্য পরিপত্রের সংগে সংযুক্ত 'খ' ফরম অনুযায়ী আবেদন করতে হবে। আবেদনপত্রের সংগে ১(এক) কপি প্রশংসা পত্র এবং ১(এক) কপি শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত একাডেমিক ট্রান্সক্রীপ্ট সত্যায়িত করে এ বিভাগে প্রেরণ করতে হবে।

**(গ) সাধারণ বৃত্তিঃ**

ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের সন্তান যারা ২০১৯ সালে যে কোন শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট হতে সকল বিভাগে এস,এস,সি এবং এইচ,এস,সি বা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয় বিবেচনায় এনে **জিপিএ ৪.৯০** অর্জন করেছে তারা **'সাধারণ বৃত্তির'** জন্য মনোনীত হবে। এ ক্ষেত্রে এসএসসি বা সমমানের পরীক্ষায় কৃতকার্য ছাত্র-ছাত্রীদেরকে এককালীন ২,৫০০.০০ (দুই হাজার পাঁচশত) টাকার প্রাইজবন্ড এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় কৃতকার্য ছাত্র-ছাত্রীদেরকে এককালীন ৫,০০০.০০ (পাঁচ হাজার)টাকার প্রাইজবন্ড 'সাধারণ বৃত্তি' বাবদ প্রদান করা হবে। এ জন্য পরিপত্রের সংগে সংযুক্ত 'গ' ফরম অনুযায়ী আবেদন করতে হবে। আবেদনপত্রের সংগে ১(এক) কপি প্রশংসা পত্র এবং ১(এক) কপি শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত একাডেমিক ট্রান্সক্রীপ্ট সত্যায়িত করে এ বিভাগে প্রেরণ করতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

M-Cir-08/39

উল্লেখ্য যে,

১) কেবলমাত্র এ ব্যাংকে কর্মরত স্থায়ী কর্মকর্তা-কর্মচারীগণ (যাদের বেতন হতে বিনেভলেন্ট ফান্ডের মাসিক চাঁদা কর্তন করা হয়) আবেদন করতে পারবেন।

২) কর্মকর্তা-কর্মচারীগণের যে সকল সন্তান ২০১৯ সালে যে কোন শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট হতে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবলমাত্র সে সকল সন্তানের জন্য আবেদন করতে পারবেন।

৩) স্বামী ও স্ত্রী উভয়ে এ ব্যাংকে চাকুরীরত হলে তাদের সন্তানদের পদক ও বৃত্তির জন্য যে কোন একজনকে আবেদন করতে হবে। স্বামী ও স্ত্রী দু'জনে আবেদন করলে উভয়ের আবেদন বাতিল বলে গণ্য হবে ।

৪) পূর্ববর্তী বছরের আবেদন গ্রহণযোগ্য নয়। এ ব্যাপারে শাখা প্রধানকে বিশেষভাবে সতর্ক থাকার পরামর্শ দেয়া যাচ্ছে।

৫) মৃত কর্মকর্তা-কর্মচারীর প্রতিনিধির আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য নয়।

৬) বাংলাদেশে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের বিদেশে অধ্যয়নরত সন্তানদের জন্য আবেদন গ্রহণযোগ্য নয়। তবে বিদেশে কর্মরত এ ব্যাংকের স্থায়ী কর্মকর্তা-কর্মচারীগণের এ দেশে অধ্যয়নরত সন্তানদের এসএসসি/ এইচএসসি সমমানের পরীক্ষার জন্য আবেদন করা যাবে।

৭) সকল গ্রেডের (চেয়ারম্যান পদক/সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর পদক/সাধারণ বৃত্তি) বৃত্তির ক্ষেত্রে দুই এর অধিক সন্তানের জন্য আবেদন করা যাবে না। যদি কেহ আবেদন করে থাকেন তবে তার দায় দায়িত্ব শাখা/অফিস প্রধানের উপর বর্তাবে ।

৮) **একের অধিক প্রত্যেক সন্তানের জন্য আলাদা আলাদা ফরমে আবেদন করতে হবে। অর্থাৎ একটি ফরমে মাত্র একজন সন্তানের জন্য আবেদন করা যাবে।**

৯) অসম্পূর্ণ আবেদনপত্র বিবেচনায় আনা হবে না।

১০) আবেদনপত্রে সন্তানের নাম, পিতা ও মাতার নাম বাংলা ও ইংরেজীতে (Block Letter) লিখতে হবে।

১১) আবেদনপত্রে ও একাডেমিক ট্রান্সক্রীপ্টে সন্তান ও পিতা-মাতার নাম একই থাকতে হবে।

১২) আবেদনকারীর স্বাক্ষর শাখা/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে।

**নিয়মাবলী** ঃ

১.০০ঃ জেনারেল ম্যানেজার'স অফিসে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের সন্তানদের পদক ও বৃত্তির আবেদনপত্রগুলো জেনারেল ম্যানেজার'স অফিস প্রধান, প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় ও তার নিয়ন্ত্রনাধীন শাখা সমুহের আবেদনপত্রগুলো প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় প্রধান এবং কর্পোরেট শাখাসমূহের আবেদনপত্রগুলো কর্পোরেট শাখা প্রধানের সুপারিশ ও সীলসহ স্বাক্ষর করে প্রেরণ করতে হবে। ব্যতয় ঘটলে আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

২.০০ ঃ প্রধান কার্যালয়ের ক্ষেত্রে আবেদনপত্রগুলো স্ব-স্ব বিভাগীয় প্রধানের সুপারিশ ও সীলসহ স্বাক্ষর করে প্রেরণ করতে হবে।

৩.০০ ঃ একাডেমিক ট্রান্সক্রীপ্ট এবং প্রশংসাপত্র প্রত্যেকটির ১ (এক) কপি সত্যায়িত করে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।

৪.০০ঃ যে সকল কর্মকর্তা/কর্মচারী পিআরএল-এ আছেন তারা তাদের সন্তানদের জন্য পরিপত্রের অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষ্যে আবেদন করতে পারবেন। পিআরএল ভোগরতদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে ব্যাংক থেকে পিআরএল মঞ্জুরীর সত্যায়িত ফটোকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫.০০ ঃ জেনারেল ম্যানেজার'স অফিস/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখা/প্রধান কার্যালয়ের পদক ও বৃত্তির আবেদনগুলো একত্র করে একটি Forwarding Letter এর মাধ্যমে ডেপুটি জেনারেল ম্যানেজার, **এমপ্লয়ীজ ওয়েলফেয়ার এন্ড ট্রান্সপোর্ট ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা এর বরাবরে আগামী ৩১/১০/২০১৯ তারিখের মধ্যে পুনঃ ৩১/১০/২০১৯ তারিখের মধ্যে পৌছাতে হবে।**

৬.০০ ঃ উল্লেখিত পদক ও বৃত্তি সোনালী ব্যাংক লিমিটেড এমপ্লয়ীজ বিনেভলেন্ট ফান্ড-এর নিয়ম মোতাবেক প্রদান করা হবে। উল্লেখ্য যে, কোন আবেদনপত্র মঞ্জুর করা বা না করা সম্পূর্ণরূপে কর্তৃপক্ষের এখতিয়ারভুক্ত। আবেদনপত্রগুলো নির্ভুলভাবে পূরণ করে প্রয়োজনীয় সীল স্বাক্ষর দিয়ে আনুসাংগিক কাগজপত্র/ সনদপত্রাদিসহ যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর সমেত নির্ধারিত তারিখের মধ্যে অবশ্যই উপরে উল্লেখিত ঠিকানায় পৌছাতে হবে। আবেদন পত্র জমা দেয়ার নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বিবেচনায় আনা হবে না।

আপনাদের বিশ্বস্ত

(সৈয়দ মনজুরুল ইসলাম)
ডেপুটি জেনারেল ম্যানেজার

(মোঃ শাহেদ আলী)
জেনারেল ম্যানেজার

**ফরম- 'ক'**

## সোনালী ব্যাংক লিমিটেড চেয়ারম্যান পদক-২০১৯

সোনালী ব্যাংক লিমিটেড
শাখা/অফিস................................

যে কোন শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট হতে সকল বিভাগে যারা ২০১৯ সনে এস,এস,সি এবং এইচ,এস,সি বা সমমানের পরীক্ষায় সকল বিষয়ে **(৪র্থ বিষয়সহ) 'এ+' অর্থাৎ জিপিএ ৫.০০ (গোল্ডেন) অর্জন করেছে** তাদের জন্য সোনালী ব্যাংক লিমিটেড চেয়ারম্যান পদক এর আবেদন পত্র।

**১(এক) কপি টাইপে/নিজ হস্তে পূরণ করতে হবে।**

১) জেলা (কর্মস্হল) ঃ..........................................................

২) নিজ জেলা (জন্মস্থান বা স্হায়ী বাসস্হান) ঃ..............................

১.০০ ঃ ছাত্র/ছাত্রীর নাম
(ক) বাংলায় ঃ
(খ) ইংরেজীতে (Block Letter) ঃ

২.০০ ঃ ছাত্র/ছাত্রীর পিতার নাম
ক) বাংলায় ঃ
খ) ইংরেজীতে (Block Letter) ঃ

৩.০০ ঃ ছাত্র/ছাত্রীর মাতার নাম
ক) বাংলায় ঃ
খ) ইংরেজীতে (Block Letter) ঃ

৪.০০ ঃ আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীর নাম ঃ
৫.০০ ঃ পদবী ঃ
৬.০০ ঃ চাকুরীতে যোগদানের তারিখ ঃ
৭.০০ ঃ মূল বেতন ঃ
৮.০০ ঃ বর্তমান কর্মস্হল ঃ
৯.০০ ঃ ফোন/মোবাইল নং ঃ
১০.০০ঃ যে সন্তানের জন্য সোনালী ব্যাংক লিমিটেড চেয়ারম্যান পদকের আবেদন করা হলো তার বিবরণ ঃ

| সন্তানের নাম | স্কুল/কলেজের নাম | পরীক্ষার নাম ও পাশের সন | প্রাপ্ত জিপিএ(শাখা/অফিস প্রধান কর্তৃক সত্যায়িত একাডেমিক ট্রান্সক্রীপ্ট ও প্রশংসাপত্র) সংযুক্ত করতে হবে)। |
|---|---|---|---|
| | | | |

আমি অংগীকার করছি যে, উপরোক্ত সমস্ত বিবরণ সম্পূর্ণ সত্য এবং ইতোপূর্বে আমি একের অধিক সন্তানের জন্য বৃত্তির সুবিধা গ্রহন করিনি । উক্ত অংগীকারের ব্যতিক্রম হলে যে কোন পরিস্হিতির জন্য দায়ী থাকব।

কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর ঃ
বাংলা ..........................................................
ইংরেজী..........................................................

**শাখা/কর্পোরেট শাখা/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/জেনারেল ম্যানেজার'স অফিস ও প্রধান কার্যালয়ের বিভাগীয় প্রধানদের জন্য ঃ**

আমি/আমরা প্রত্যয়ন করছি যে, উপরোক্ত কর্মকর্তা/কর্মচারীর বক্তব্য সত্য। তার সন্তানকে সোনালী ব্যাংক লিমিটেড এমপ্লয়ীজ বিনেভলেন্ট ফান্ড হতে সোনালী ব্যাংক লিমিটেড চেয়ারম্যান পদক প্রদানের সুপারিশ করা হলো।

ব্যবস্হাপক

কর্পোরেট শাখা /প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/ জেনারেল ম্যানেজার'স অফিস প্রধান।

বিভাগীয় প্রধান
(প্রধান কার্যালয়ের জন্য)

M-Cir-08/29

ফরম- 'খ'

# সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর পদক-২০১৯

সোনালী ব্যাংক লিমিটেড
শাখা/অফিস................................

যে কোন শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট হতে সকল বিভাগে যারা-২০১৯ সনে এস,এস,সি এবং এইচ,এস,সি বা সমমানের পরীক্ষায় **৪র্থ বিষয় বিবেচনায় এনে 'এ+' অর্থাৎ জিপিএ ৫.০০** অর্জন করেছে তাদের জন্য সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর পদক এর আবেদন পত্র।

**১(এক) কপি টাইপে/নিজ হস্তে পূরণ করতে হবে।**

১) জেলা (কর্মস্থল) ঃ.........................................................

২) নিজ জেলা (জন্মস্থান বা স্থায়ী বাসস্থান) ঃ...............................

১.০০ ঃ ছাত্র/ছাত্রীর নাম

(ক) বাংলায় ঃ

(খ) ইংরেজীতে (Block Letter) ঃ

২.০০ ঃ ছাত্র/ছাত্রীর পিতার নাম

ক) বাংলায় ঃ

খ) ইংরেজীতে (Block Letter) ঃ

৩.০০ ঃ ছাত্র/ছাত্রীর মাতার নাম

ক) বাংলায় ঃ

খ) ইংরেজীতে (Block Letter) ঃ

৪.০০ ঃ আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীর নাম ঃ

৫.০০ ঃ পদবী ঃ

৬.০০ ঃ চাকুরীতে যোগদানের তারিখ ঃ

৭.০০ ঃ মূল বেতন ঃ

৮.০০ ঃ বর্তমান কর্মস্থল ঃ

৯.০০ ঃ ফোন/মোবাইল নং ঃ

১০.০০ঃ যে সন্তানের জন্য সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর পদকের আবেদন করা হলো তার বিবরণ ঃ

| সন্তানের নাম | স্কুল/কলেজের নাম | পরীক্ষার নাম ও পাশের সন | প্রাপ্ত জিপিএ (শাখা/অফিস প্রধান কর্তৃক সত্যায়িত একাডেমিক ট্রান্সক্রীপ্ট ট্রান্সক্রীপ্ট ও প্রশংসাপত্র) সংযুক্ত করতে হবে)। |
|---|---|---|---|
| | | | |

আমি অংগীকার করছি যে, উপরোক্ত সমস্ত বিবরণ সম্পূর্ণ সত্য এবং ইতোপূর্বে আমি একের অধিক সন্তানের জন্য বৃত্তির সুবিধা গ্রহন করিনি। উক্ত অংগীকারের ব্যতিক্রম হলে যে কোন পরিস্থিতির জন্য দায়ী থাকব।

কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর ঃ বাংলা ..........................................................

ইংরেজী..........................................................

**শাখা/কর্পোরেট শাখা/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় জেনারেল ম্যানেজার'স অফিস ও প্রধান কার্যালয়ের বিভাগীয় প্রধানদের জন্য ঃ**

আমি/আমরা প্রত্যয়ন করছি যে, উপরোক্ত কর্মকর্তা/কর্মচারীর বক্তব্য সত্য। তার সন্তানকে সোনালী ব্যাংক লিমিটেড এমপ্লয়ীজ বিনেভলেন্ট ফান্ড হতে সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর পদক প্রদানের সুপারিশ করা হলো।

ব্যবস্থাপক

কর্পোরেট শাখা /প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/জেনারেল ম্যানেজার'স অফিস প্রধান।

বিভাগীয় প্রধান
(প্রধান কার্যালয়ের জন্য)

**ফরম- 'গ'**

## সাধারণ বৃত্তি-২০১৯

সোনালী ব্যাংক লিমিটেড
শাখা/অফিস...............................

যে কোন শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট হতে সকল বিভাগে যারা-২০১৯ সনে এস,এস,সি এবং এইচ,এস,সি বা সমমানের পরীক্ষায় **৪র্থ বিষয় বিবেচনায় এনে জিপিএ ৪.৯০** অর্জন করেছে তাদের জন্য সাধারণ বৃত্তি এর আবেদন পত্র।

**১(এক) কপি টাইপে/নিজ হস্তে পূরণ করতে হবে।**

১) জেলা (কর্মস্থল) ঃ........................................................

২) নিজ জেলা (জন্মস্থান বা স্থায়ী বাসস্থান) ঃ.............................

১.০০ ঃ ছাত্র/ছাত্রীর নাম
(ক) বাংলায় ঃ
(খ) ইংরেজীতে (Block Letter) ঃ
২.০০ ঃ ছাত্র/ছাত্রীর পিতার নাম
ক) বাংলায় ঃ
খ) ইংরেজীতে (Block Letter) ঃ
৩.০০ ঃ ছাত্র/ছাত্রীর মাতার নাম
ক) বাংলায় ঃ
খ) ইংরেজীতে (Block Letter) ঃ
৪.০০ ঃ আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীর নাম ঃ
৫.০০ ঃ পদবী ঃ
৬.০০ ঃ চাকুরীতে যোগদানের তারিখ ঃ
৭.০০ ঃ মূল বেতন ঃ
৮.০০ ঃ বর্তমান কর্মস্থল ঃ
৯.০০ ঃ ফোন/মোবাইল নং ঃ
১০.০০ঃ যে সন্তানের জন্য সাধারণ বৃত্তির আবেদন করা হলো তার বিবরণ ঃ

| সন্তানের নাম | স্কুল/কলেজের নাম | পরীক্ষার নাম ও পাশের সন | প্রাপ্ত জিপিএ(শাখা/অফিস প্রধান কর্তৃক সত্যায়িত একাডেমিক ট্রান্সক্রীপ্ট ও প্রশংসাপত্র) সংযুক্ত করতে হবে)। |
|---|---|---|---|
| | | | |

আমি অংগীকার করছি যে, উপরোক্ত সমস্ত বিবরণ সম্পূর্ণ সত্য এবং ইতোপূর্বে আমি একের অধিক সন্তানের জন্য বৃত্তির সুবিধা গ্রহন করিনি । উক্ত অংগীকারের ব্যতিক্রম হলে যে কোন পরিস্হিতির জন্য দায়ী থাকব।

কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর ঃ
বাংলা ...............................................................
ইংরেজী...............................................................

**শাখা/কর্পোরেট শাখা/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/ জেনারেল ম্যানেজার'স অফিস ও প্রধান কার্যালয়ের বিভাগীয় প্রধানদের জন্য ঃ**

আমি/আমরা প্রত্যয়ন করছি যে, উপরোক্ত কর্মকর্তা/কর্মচারীর বক্তব্য সত্য। তার সন্তানকে সোনালী ব্যাংক লিমিটেড এমপ্লয়ীজ বিনেভলেন্ট ফান্ড হতে সাধারণ বৃত্তি প্রদানের সুপারিশ করা হলো।

ব্যবস্হাপক

কর্পোরেট শাখা /প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/ জেনারেল ম্যানেজার'স অফিস প্রধান।

বিভাগীয় প্রধান
(প্রধান কার্যালয়ের জন্য)